# রামহরিপুর রামকৃষ্ণ মিশন বিবেকানন্দ জুনিয়র বেসিক স্কুল

## রামহরিপুর, বাঁকুড়া

**ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি**

স্বামীজীর চিরন্তন বাণী— 'মানুষ-তৈরী ও চরিত্র-গঠনকারী-শিক্ষা'—এই আদর্শে অনুপ্রাণিত রামহরিপুর রামকৃষ্ণ মিশন বিবেকানন্দ জুনিয়ার বেসিক স্কুল, প্রকৃতির শান্ত ও স্নিগ্ধ পরিবেশে শিশুদের শৃঙ্খলাপরায়ণ, দায়িত্ববান ও আদর্শ মানুষ হিসাবে গড়ে তুলতে প্রতিশ্রুতিবদ্ধ । শ্রী শ্রী ঠাকুর, মা ও স্বামীজীর আদর্শে পরিচালিত আমাদের এই প্রতিষ্ঠান শুধু পুঁথিগত শিক্ষা নয়, 'জীবনের জন্য শিক্ষা', 'শক্তির জন্য চরিত্র' এবং 'মানুষের কল্যাণের জন্য সেবা' – এই মন্ত্রে শিশুদের সার্বিক বিকাশে কাজ করে চলেছে । চরিত্রগঠন, শিক্ষাগত উৎকর্ষ, শৃঙ্খলা এবং মূল্যবোধ ভিত্তিক শিক্ষার মাধ্যমে শরীর ও মনের সুষম বিকাশ— এই আদর্শগুলিতে অনুপ্রাণিত অভিভাবকদের তাঁদের সন্তানদের এই বিদ্যালয়ে ২০২৭ শিক্ষাবর্ষে ভর্তি করার জন্য আহ্বান জানানো হচ্ছে ।

**২০২৭ শিক্ষাবর্ষে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় শ্রেণীতে ভর্তির শর্তাবলী**

১) প্রথম শ্রেণীতে ভর্তির জন্য ছাত্রের জন্ম তারিখ হতে হবে ০১.০১.২০২০ থেকে ৩১.১২.২০২০ এর মধ্যে।

২) দ্বিতীয় শ্রেণীতে ভর্তির জন্য ছাত্রের জন্ম তারিখ হতে হবে ০১.০১.২০১৯ থেকে ৩১.১২.২০১৯ এর মধ্যে।

৩) তৃতীয় শ্রেণীতে ভর্তির জন্য ছাত্রের জন্ম তারিখ হতে হবে ০১.০১.২০১৮ থেকে ৩১.১২.২০১৮ এর মধ্যে।

৪) **ফর্ম দেওয়া হবে এবং জমা নেওয়া হবে :** বিদ্যালয় অফিসে ১ লা অক্টোবর থেকে ১৩ ই অক্টোবর ও ১৩ ই নভেম্বর থেকে ১০ ই ডিসেম্বর প্রত্যহ সকাল ৮.০০ টা থেকে ১০.০০ টা পর্যন্ত (ছুটির দিন বাদে) । ফর্ম নেওয়ার সময় বয়সের প্রমাণপত্র দেখাতে হবে। (Original)

৫) **পূরণ করা ফর্মের সাথে যে সকল নথি জেরক্স কপি দিতে হবে :**

ক) ছাত্রের বয়সের প্রমাণপত্র।

খ) পিতা-মাতার ভোটের পরিচয়পত্র ও আধার কার্ড।

গ) তপশিলি জাতি, তপশিলি উপজাতি, অন্যান্য অনগ্রসর শ্রেণীর ছাত্রদের ক্ষেত্রে যথাযথ প্রমাণপত্র।

ঘ) সংশ্লিষ্ট ছাত্রের সাম্প্রতিক তোলা পাসপোর্ট সাইজের দু কপি ফটো।

**(যথাযথ নথি ফর্মের সাথে জমা না করলে ফর্মটি বাতিল বলে গণ্য হবে।)**

ভর্তি অভীক্ষার দিন ও সময়:

- ১৩ ই ডিসেম্বর ২০২৬ রবিবার বেলা ১১ টা।
- বাংলা (২০ নম্বর), অংক (২০ নম্বর),ইংরেজি (২০ নম্বর), বিষয়ে মোট ৬০ নম্বরের অভীক্ষা গ্রহণ করা হবে।
- সময় : ১ ঘন্টা ৩০ মিনিট।
- ফল প্রকাশ : ১৭ ই ডিসেম্বর ২০২৬।
- ভর্তির তারিখ: ১৮ এবং ১৯শে ডিসেম্বর, সকাল ৮টা থেকে দুপুর ১২ টা পর্যন্ত।

বি:দ্র:-

১. শুধুমাত্র ছাত্ররাই এখানে ভর্তির সুযোগ পাবে।

২. ভর্তির দিন নথির Original দেখাতে হবে।

৩. মৌখিক সাক্ষাৎকারের জন্য ভর্তির দিন অভিভাবক এবং অভিভাবিকা উভয়কেই সংশ্লিষ্ট ছাত্রের সাথে উপস্থিত থাকতে হবে।

৪. ছাত্রাবাসের সুবিধা নেই।

**ফর্ম এবং ভর্তি অভীক্ষার ফী - ২০০/-**

তারিখ - ১০ ই সেপ্টেম্বর,২০২৬

ধ্রুবপ্রিয়ানন্দ

সম্পাদক